



## Moral Parenting Trust

- : স্বাবলম্বী :-  
নির্দেশিকা

Moral Parenting Trust নিয়মিত বৃত্তির বাইরে মোরাল চিলড্রেনদের সার্বিক উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গ্রহন করে থাকে। এই লক্ষ্যে গত বছর “স্বাবলম্বী” নামে একটি প্রজেক্ট শুরু করা হয়েছিল। মোট ১০৭ টি প্রজেক্টে টাকা দেওয়া হয়েছিল; তার মধ্যে অধিকংশ প্রজেক্টই বেশ ভাল করেছে। এরই ধারাবাহিকতায় আবার এই প্রজেক্টে সহায়তা করার উদ্যোগ নেওয়া হল।

আমরা মনে করি পড়াশুনার পাশাপাশি ছাত্রছাত্রীরা যদি নিজেরা কিছু করে স্বাবলম্বী হতে পারে তাহলে সেটা তাদের বর্তমান এবং ভবিষ্যৎ জীবনের জন্য কল্যাণকর হবে। কোন কাজই ছোট নয়; জীবনে যারা প্রতিষ্ঠিত হয়েছে তাদের অধিকংশই খুব ছোট থেকে শুরু করে সততা, নিষ্ঠা আর পরিশ্রম দিয়ে উন্নতি করেছেন। তোমরা যারা অলরেডি এমন কিছু কাজ করার চেষ্টা করছ, অথবা মাথায় কোন ভাল আইডিয়া আছে কিন্তু টাকার অভাবে এগোতে পারছ না- এই প্রজেক্ট মূলত তাদের জন্য। তোমরা তোমাদের আইডিয়া/কাজের বর্ণনা সহ নির্দিষ্ট ফর্মে প্রজেক্ট প্রপোজাল আমাদের কাছে পাঠাতে পার; আমরা তোমাদের জন্য ফান্ড সংগ্রহ করে দেওয়ার চেষ্টা করব।

### প্রাসঙ্গিক কিছু বিষয়ঃ

- এবছর প্রজেক্ট গুলো দুটি ভাগে পরিচালিত হবে: (১) পুরাতন প্রজেক্টকে আরো গতিশীল করা (২) নতুন প্রজেক্ট শুরু করা। একজন তার জন্য প্রযোজ্য শুধুমাত্র একটি আবেদন করতে পারবে।
- শুধুমাত্র ভার্শিটি পড়ুয়া আমাদের মোরাল চাইল্ডগন এই প্রজেক্টে আবেদন করতে পারবে।
- প্রজেক্টের কাজে তোমাদের প্রত্যক্ষ তত্ত্বাবধান থাকতে হবে; তবে তোমরা ভার্শিটিতে দূরে থাকলে পরিবারের কোন সদস্য তা দেখাশুনা করতে পারবে।
- তোমরা যে কোন কাজের প্রজেক্ট প্রপোজাল দিতে পার, তবে মুদি দোকান, ছাগল, মুরগী, হাঁস পালন; মাছ চাষ, হাতের কাজ, কৃষি কাজ বা যে কোন ক্রিয়েটিভ কাজকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ইমেইলে আবেদনের স্ক্যান কপি পাঠাতে হবে; আমরা প্রাপ্তি স্বীকার করে রিপ্লাই দিব; এরপর এগুলোর যথার্থতা বিবেচনা করে পর্যায়ক্রমে এপ্রভ করা হবে এবং তার সাথে যোগাযোগ করা হবে; তোমাদের এই ব্যাপারে ফোন করে খোঁজ নেওয়ার দরকার নেই।
- পুরাতন প্রজেক্টের ক্ষেত্রে নিয়মানুবর্তীতা এবং নতুন প্রজেক্টের ক্ষেত্রে যথার্থতা বিবেচনা করে টাকা পাওয়া সাপেক্ষে প্রজেক্ট এপ্রভ করা হবে।
- অনুদানের পরিমাণ পুরাতন প্রজেক্ট ৬০০০ এবং নতুন প্রজেক্ট ৮০০০ টাকা; সেই অনুযায়ী তোমরা প্রজেক্ট প্রপোজাল প্রস্তুত করবে।
- এই প্রজেক্টের কাজ করতে গিয়ে পড়াশুনার যেন ক্ষতি না হয় সেটা খেয়াল রাখবে।
- প্রজেক্ট প্রপোজাল নির্দিষ্ট ফর্মে হাতে লিখে তার স্ক্যান / ছবি [moralparenting1@gmail.com](mailto:moralparenting1@gmail.com) ইমেইলে ([moralparenting@gmail.com](mailto:moralparenting@gmail.com)) নয়) পাঠাতে হবে।

অনেক বড় স্বপ্ন নিয়ে গত বছর স্বাবলম্বী প্রজেক্ট চালু করা হয়েছিল; তার অনেকখানি পূরণ হয়েছে। এই স্বপ্ন কে আরও পরিপূর্ণ রূপ দিতে এই প্রজেক্ট আবার শুরু হলো। এই প্রজেক্ট একদিন অনেক বড় হবে; অনেক মানুষ, অনেক পরিবার এই প্রজেক্ট থেকে উপকার পাবে। যারা সততা, যোগ্যতা এবং পরিশ্রম দিয়ে কাজ করে প্রজেক্টে উন্নতি করবে, তাদেরকে আরো আনুদান দিয়ে বা বিনিয়োগ করে সফলতার শিখরে নেওয়ার চেষ্টা থাকবে আমাদের- ইনশাআল্লাহ!